

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১৩.৫০ কিলোমিটার এবং এলিভেটেড ৬.৫০ কিলোমিটার) ও ১৪ স্টেশন (আন্ডারগ্রাউন্ড ৯টি এবং এলিভেটেড ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study সম্পন্ন হয়েছে। Engineering Service-এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা JICA'র সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Proposal Evaluation Report (Financial) উন্মুক্তকরণ ও Highest Ranked Consulting Firm এর সঙ্গে Negotiation শুরু করার জন্য গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত ৩৩ তম বোর্ড সভায় অনুমোদন প্রদান করা হয়েছে। ৪১ তম ODA Loan Package-এ নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান আছে। এ লক্ষ্যে গত ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ JICA'র সঙ্গে Minutes of Discussion স্বাক্ষর করা হয়েছে। গত ১৫ অক্টোবর ২০১৯ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতাধীন ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট বা বাংলাদেশের দ্বিতীয় পূর্ব-পশ্চিম পাতাল মেট্রোরেল নির্মাণ প্রকল্পটি জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ECNEC কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় প্রায় ৪১ হাজার ২৩৮ কোটি টাকা। তন্মধ্যে প্রকল্প সাহায্য ২৯ হাজার ১১৭ কোটি টাকা এবং জিওবি অনুদান ১২ হাজার ১২১ কোটি টাকা।

MRT Line-5: Northern Route-এর এ্যালাইনমেন্ট হল: হেমায়েতপুর-বালিয়ারপুর-বিলামালিয়া-আমিনবাজার-গাবতলী-দারুস সালাম-মিরপুর ১-মিরপুর ১০-মিরপুর ১৪-কচুক্ষেত-বনানী-গুলশান ২-নতুন বাজার-ভাটারা।